আবিলম্বে প্রকাশের জন্য: 11/28/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের 25 মিলিয়ন গাছের প্রোগ্রাম জোরদার করতে পুরো স্টেটের মিউনিসিপ্যালিটি, এজেন্সিকে 1,650টি গাছ বিতরণ করার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির ঊনচল্লিশ কাস্টোমার গাছ ম্যাচিংয়ের প্রোগ্রাম দিয়ে লাভবান হবেন যা স্থানীয় কমিউনিটিকে সবুজ করবে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিতে গাছের সমতার প্রচার করবে

Tree Power-এর গাছ বিতরণের ছবি দেখুন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) তাদের 2025 Tree Power প্রোগ্রামের মাধ্যমে 49 কম খরচের এনার্জি এবং এনার্জি এফিসিয়েন্সি কাস্টোমারকে 1,650টি গাছ দিচ্ছে, যা পুরো স্টেটের মিউনিসিপ্যালিটি ও স্টেট এজেন্সিগুলিকে বাড়তি সাস্টেনেবিলিটির লাভ দিচ্ছে। এই বছর সুবিধাবঞ্চিত এলাকায় গাছ লাগানোর জন্য ইনসেন্টিভ দেওয়া হয়েছে এবং এটি 1990-এর দশকের শেষের দিকে প্রোগ্রামটি শুরু হওয়ার পর থেকে সবথেকে বড় বিতরণ। এই প্রোগ্রামটি 2033 সালের মধ্যে 25 মিলিয়ন গাছ লাগানোর জন্য গভর্নর Hochul-এর (হোকল) লক্ষ্যকে সাহায্য করে।

"গাছ লাগানো এবং নতুন করে বনায়ন হলো নিউ ইয়র্ক স্টেটের (New York State) পরিবেশগত স্বাস্থ্য এবং স্থিতিশীলতার জন্য, এবং একই সাথে জনগণের সুস্থতাকে নিরাপদ রাখার জন্য অতি প্রয়োজনীয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের পুরো স্টেটের সাস্টেনেবিলিটি লক্ষ্যকে সাহায্য করা এবং তাদের নিজেদের এলাকার জনস্বাস্থ্যকে উন্নত করা এইসব কমিউনিটিকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত। Tree Power প্রোগ্রামটি শুধু সাস্টেনেবিলিটি জোরদার করে না বরং এছাড়াও সুবিধাবঞ্চিত এলাকায় অতি প্রয়োজনীয় রিসোর্স দিয়ে সমতার প্রচার করে।"

যোগ্য স্টেট এবং স্থানীয় সরকার, মিউনিসিপ্যাল ইলেকট্রিক ইউটিলিটি, এবং গ্রামীণ ইলেকট্রিক কোঅপারেটিভ বসন্তকালে গাছের জন্য অর্ডার দিয়েছে যখন NYPA মোট 5,000 মার্কিন ডলার মূল্য পর্যন্ত, কেনা প্রত্যেকটির জন্য একটি করে ম্যাচ দেওয়ার কথা বলে। এই বছর, অর্ডারের আকার ছিলো 10 থেকে 92-এর মধ্যে এবং ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টির একাধিক মিউনিসিপ্যালিটির প্রত্যেকে 80টির বেশি করে অর্ডার দিয়েছে (পোর্ট চেস্টার ((Port Chester),

মাউন্ট ভার্নন (Mount Vernon), ওয়েস্টচেস্টার কাউন্টি এবং আরভিংটন (Irvington))। ম্যাচ প্রোগ্রামের মাধ্যমে 900টির বেশি গাছ ডোনেট করা হয়েছে।

সুবিধাবঞ্চিত কমিউনিটিতে আরো গাছ লাগানোকে উৎসাহিত করতে, NYPA এইসব স্থানের কাস্টোমারদের ক্ষেত্রে গাছ লাগানোর জন্য একটির জন্য দুইটি করে ম্যাচ দেওয়ার কথা বলে। এই উদ্যোগের উদ্দেশ্য হলো পুরো স্টেটে সাশ্রয়ীভাবে গাছের সমতা বাড়ানো, এবং বেশি গাছের ছায়া থাকলে কমিউনিটিগুলি আরো ভালো বাতাসের মান, ঘরের বাইরের বিনোদনের উন্নয়ন এবং আরো বেশি সৌন্দর্য দিয়ে লাভবান হবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority) প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "পাওয়ার অথোরিটির কাস্টোমাররা এবং আশেপাশের কমিউনিটি গাছ লাগালে উল্লেখযোগ্য অর্থনৈতিক এবং পরিবেশগত লাভ পেয়ে থাকে, যেমন ভবনের এনার্জি এফিসিয়েন্সি উন্নত হয়, স্থানীয় বায়োডাইভার্সিটিকে সমর্থন করা যায়, এবং পরিবেশকে ওয়েদারাইজেশনের বিরুদ্ধে আরো মজবুত করা যায়। পাওয়ার অথোরিটির Tree Power প্রোগ্রামটি সাস্টেনেবিলিটি, পরিবেশের রক্ষণ এবং কমিউনিটিকে জড়িত করার প্রচার করে, এবং প্রায় 50টি কমিউনিটিতে এই বছরের রেকর্ড 1,650টি গাছ ভালো অগ্রগতিকে তুলে ধরেছে।"

অবস্থান অনুযায়ী ডেলিভারির তারিখ আলাদা হতে পারে, কিন্তু প্রাপক কাস্টোমারদের দ্রুত গাছ লাগাতে উৎসাহিত করা যাচ্ছে।

Tree Power: 1992 সাল থেকে নিউ ইয়র্কের কমিউনিটিগুলিকে সবুজ করছে

1992 সালে শুরু হওয়া প্রোগ্রামটির মূল উদ্দেশ্য নিউ ইয়র্ক স্টেটে বায়োডাইভার্সিটিকে সমর্থন করার জন্য স্থানীয় গাছের থাকার জায়গা বাড়ানো। NYPA-এর কাস্টোমাররা তাদের মুখ্য অ্যাকাউন্ট ম্যানেজার এবং নির্বাচিত গাছের বিক্রেতাদের সাথে কাজ করে তাদের লাগানোর জায়গার জন্য সেরা প্রজাতি সনাক্ত করেছেন।

গাছ লাগানো হলে পানির মান উন্নত হয় এবং ঝড়ের পানির প্রবাহ রাস্তায় না গিয়ে মাটির দিকে নিয়ে গিয়ে ঝড়ের পানির কারণে বন্যা প্রশমন করে ও বন্যা কমিয়ে দেয়। ভবনের জন্য, কৌশলে লাগানো গাছ ছায়া দিতে এবং বাতাস আটকাতে পারে, যার ফলে গ্রীষ্মকালে এয়ার কন্ডিশনিং এবং শীতকালে হিটিংয়ের প্রয়োজন কম হয়, যার ফলে এনার্জির খরচ কম হয়।

NYPA Sustainability প্রোগ্রামের ম্যানেজার Cari Ficken (ক্যারি ফিকেন) বলেন, "Tree Power প্রোগ্রামটি সক্রিয়ভাবে আমাদের কাস্টোমারদের সাস্টেনেবিলিটি লক্ষ্যকে সমর্থন করে, যারা প্রায়ই নিউ ইয়র্ক স্টেটকে সবুজ রাখা এবং এটিকে আরো সুন্দর, আরো পরিবেশগতভাবে ভালো থাকার জায়গা করে রাখতে সাহায্য করার ব্যাপারে সবথেকে সক্রিয় এনটিটি। কমিউনিটিগুলিকে তাদের এনার্জি লক্ষ্য অর্জন করতে সাহায্য করা, কার্বন এমিশন কম করা এবং পাওয়ারের খরচ কম করার পাশাপাশি, Tree Power প্রোগ্রামটি এলাকাকে এবং সরকারি জায়গাকে আরো সুন্দর করতে সাহায্য করে এবং নিউ ইয়র্কের কমিউনিটিগুলিতে সার্বিক জীবনের মান উন্নত করতে সাহায্য করে।"

2016 সাল থেকে, 9,700-এর বেশি গাছ লাগানো হয়েছে, 500 মেট্রিক টন কার্বন এমিশনকে সিকুয়েস্টার করা হয়েছে এবং পুরো স্টেটের কমিউনিটিগুলির জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি জীবন ও এনার্জির লাভ দেওয়া হয়েছে।

এই বছরের প্রাপকদের মধ্যে 20-এর বেশি ওয়েস্টচেস্টার কাউন্টির, যার মধ্যে আছে পোর্ট চেস্টার, মাউন্ট ভার্নন, ওয়েস্টচেস্টার কাউন্টি, আরভিংটন, স্কার্সডেল (Scarsdale), গ্রিনবার্গ (Greenburgh), হোয়াইট প্লেইন্স (White Plains), পেলহ্যাম ম্যানোর (Pelham Manor), টাকাহো (Tuckahoe), ক্রোটন (Croton), লার্চমন্ট (Larchmont) এবং নিউ রোশেল (New Rochelle)। ওসিনিং (Ossining), হোয়াইট প্লেইন্স এবং স্লিপি হলো (Sleepy Hollow) ভিলেজের কিছু এলাকা সুবিধাবঞ্চিত তহবিলের জন্য যোগ্য হয়েছে। অন্যান্য প্রাপকেরা পুরো স্টেটে ছড়িয়ে আছেন, যেমন সালামানকা (Salamanca), ওয়েস্টফিল্ড (Westfield), নায়াগ্রা হুইটফিল্ডের (Niagara Wheatfield) স্কুল, টোনাওয়ান্ডা (Tonawanda),মেভিল (Mayville) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে (Western New York) স্টেটের Thruway; ফিঙ্গার লেকসের (Finger Lakes) একাধিক অবস্থান, একাধিক ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, NYSDOT) এবং State University of New York-এর সাইট।

NYSDOT-এর অপারেশনের রিজিওনাল ডিরেক্টর Michael Pawloski (মাইকেল পাওলস্কি) বলেন, "2026 সালের আর্থ ডে-তে (Earth Day) NYSDOT Tree Power প্রোগ্রামের মাধ্যমে পাওয়া 78টি গাছ লাগবে। এই প্রোগ্রামটি শুধু গাছ দিচ্ছে না। এটি আরো পরিষ্কার বাতাস, আরো মজবুত ইকোসিস্টেম এবং আরো স্বাস্থ্যকর ভবিষ্যৎ দিচ্ছে।"

অনেক কমিউনিটি তাদের স্থানীয় পার্ককে সুন্দর করতে এবং পাবলিক স্কুলের আশেপাশে ছায়া যোগ করতে গাছ ব্যবহার করার পরিকল্পনা করছে, এবং স্টেটের কিছু এজেন্সি বড় রাস্তার পাশে গাছ লাগাবে।

পাওয়ার অথোরিটি এছাড়াও এই বছরের Tree Power প্রোগ্রামের অংশ হিসেবে ম্যাসেনাতে (Massena) তাদের St. Lawrence-FDR Power প্রজেক্টের আশেপাশের জমিতে 22টি গাছ লাগানোর পরিকল্পনা করছে।

গভর্নর Hochul (হোকল) 2024 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণের সময় '25 Million Trees by 2033' উদ্যোগটি শুরু করেন, জলবায়ু প্রশমন এবং কমিউনিটির স্বাস্থ্যের জন্য গাছ ও বনের গুরুত্বকে স্বীকৃতি দিতে এটি করা হয়েছে। 25 Million Trees ওয়েবসাইট এবং এর আগে এই বছরে ঘোষণা করা গাছ ট্র্যাক করার ব্যবস্থা নিউ ইয়র্কবাসীকে তাদের লাগানো গাছের অবস্থান ও সংখ্যা রেকর্ড করতে সাহায্য করবে এবং একই সাথে বাস্তব সময়ে স্টেটকে অগ্রগতি লিখে রাখতে সাহায্য করবে।

NYPA সম্পর্কে
NYPA হলো দেশের সবথেকে বড় স্টেটের সরকারি পাওয়ার অর্গানাইজেশন, তারা 17টি উৎপাদনকারী ফ্যাসিলিটির এবং 1,550 সার্কিট মাইলের বেশি ট্রান্সমিশন লাইনের পরিচালনা

করে। NYPA যে ইলেক্ট্রিসিটি উৎপাদন করে তার 80 শতাংশের বেশি ক্লিন রিনিউয়েবল হাইড্রোপাওয়ার। বন্ড বিক্রি এবং রেভিনিউয়ের মাধ্যমে NYPA তাদের অপারেশনের তহবিলের ব্যবস্থা করে যার বেশির ভাগ ইলেক্ট্রিসিটি বিক্রির মাধ্যমে পাওয়া যায়। আরো তথ্যের জন্য www.nypa.gov ভিজিট করুন এবং আমাদেরকে Twitter, Facebook, Instagram, এবং LinkedIn-এ ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন